

বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৬০৬

পর্ব - ৪০ঃ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যাকাত ওয়াজিব হওয়ার জন্য একবছর অতিক্রম হওয়া শর্ত

আরবী

وَعَنْ عَلَيِّ - رضي الله عنه - قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ - صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا
كَانَتْ لَكَ مِائَتًا دِرْهَمٍ - وَحَالَ عَلَيْهَا الْحَوْلُ - فَفِيهَا خَمْسَةُ دَرَاهِمٍ، وَلَيْسَ عَلَيْكَ شَيْءٌ
حَتَّى يَكُونَ لَكَ عِشْرُونَ دِينَارًا، وَحَالَ عَلَيْهَا الْحَوْلُ، فَفِيهَا نِصْفُ دِينَارٍ، فَمَا زَادَ
فِي حِسَابِ ذَلِكَ، وَلَيْسَ فِي مَا لِزَكَاتٍ حَتَّى يَحُولَ عَلَيْهِ الْحَوْلُ». رَوَاهُ أَبُو دَاؤِدَ، وَهُوَ
حَسَنٌ، وَقَدْ اخْتَلَفَ فِي رَفْعِهِ

صحيح. رواه أبو داود (1573)، وإن كان الدارقطني أعلاه بالوقف، فقد صحه

البخاري

বাংলা

৬০৬. 'আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন—তোমার নিকট
দুইশত দিরহাম জমা হবার পর গচ্ছিত থাকার মেয়াদ বছর পূর্ণ হলে তার জন্য-পাঁচ দিরহাম (যাকাত)। আর
বিশটি দিনার এক বছর যাবত জমা থাকলে তার জন্য অর্ধ দিনার (যাকাত)। তার চেয়ে কমে যাকাত নেই। আর
বেশি হলে তার হিসাব অনুপাতে (যাকাত দিতে) হবে। নিসাব পরিমাণ কোন সম্পদের (গচ্ছিত থাকার) মেয়াদ
এক বছর অতিবাহিত না হলে যাকাত নেই। -এটার সানাদ হাসান। এর সানাদের মারফু' হওয়া সম্বন্ধে
ইমামগণের মতানৈক্য রয়েছে। [1] (স্বর্গমুদ্রা হচ্ছে দিনার আর রৌপ্যমুদ্রা হচ্ছে দিরহাম) [2]

English

Ali (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) said:

“When you possess two hundred Dirhams at the end of the year (if you still have all of them), five Dirhams are levied on them as Zakah. There is nothing upon you (to be paid) in gold, until it reaches (the value of) twenty Dinars. When you possess twenty Dinars, at the end of the year, then there is half a Dinar levied on it (as Zakah). Any additional amount will be calculated in the same manner. No Zakah is to be paid on monetary holdings, until they have been owned for one year.” Related by Abu Dawud, who rendered it Hasan.

ফুটনোট

[1] হাদীসটি ইমাম দারাকুতনী স্থগিত করার দ্বারা দুর্বল বলে আখ্যায়িত করলেও ইমাম বুখারী তা সহীহ বলেছেন।

[2] আবু দাউদ ১৫৭৩, ১৫৭৪, তিরমিয়ী ৬২০, নাসায়ী ২৪৭৭, ২৪৭৮, ইবনু মাজাহ ১৭৯০, আহমাদ ৭১৩, ৯১৫, ১২৭০, দারেমী ১৬২৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

প্রকাশন করেছেন: তাওহীদ প্রকাশন এবং বর্ণনাকারী: আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70417>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন